গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
আইসিটি শাখা
www.lalmonirhat.gov.bd

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) |
| সভার তারিখ | ২৭ অক্টোবর ২০২০ |
| সভার সময় | বিকাল ০৩:৩০ টা |
| স্থান | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লালমনিরহাট এর কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উপস্থিত কমিটির সদস্যবৃন্দকে ইনোভেটিভ আইডিয়ার কার্যক্রমের অগ্রগতি এবং নতুন নতুন আইডিয়া গ্রহণের বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। বিষয়ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **নতুন উদ্ভাবনী আইডিয়া সংযোজন :** উপস্থাপিত কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের সাথে গত সভার কার্যবিবরণী সংশোধন করার বিষয়ে আলোচনা করা হয় এবং নতুন সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) শিক্ষক ডাটাবেস প্রণয়ন করে জেলার শিক্ষকদের অবসর গ্রহণ, জন্মদিনের শুভেচ্ছা প্রদান প্রভৃতি প্রেষণা মূলক কার্যক্রম বাস্তবায়নের জন্য জেলা শিক্ষা অফিসার সিদ্ধান্ত নেন।<br>(খ) জেলার প্রত্যন্ত অঞ্চল সমূহে বিল বোর্ড স্থাপন করে সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্যাদি জনগণের মধ্যে পৌছে দেবার জন্য জেলা তথ্য অফিসার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা শিক্ষা অফিসার, জেলা তথ্য অফিসার। |
| ০২ | **বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২০-২০২১ বাস্তবায়ন :**<br>সভায় লালমনিরহাট জেলার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ সঠিক সময়ে প্রণয়নপূর্বক যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং এর সফল বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর যথাযথ বাস্তবায়নের জন্য উপজেলা ইনোভেশন অফিসারগণকে তাগিদ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) লালমনিরহাট জেলার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সচেষ্ট হতে হবে।<br>(খ) উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সচেষ্ট হতে উপজেলা ইনোভেশন অফিসারগণকে তাগিদ দিতে হবে। | জেলা ইনোভেশন টিম/ উপজেলা ইনোভেশন টিম |
| ০৩ | **ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে আলোচনাঃ**<br>সভায় ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন।এছাড়া প্রতি দুই মাস পর পর ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান বিষয়ে আলোচনা করা হয়। | (ক) জেলা ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা সফল বাস্তবায়ন করতে হবে।<br>(খ) ইনোভেশন টিমের দ্বিমাসিক সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | জেলা ইনোভেশন টিম। |
| ০৪ | **ইনোভেশন টিম পুনর্গঠন :** সভায় জেলা ও উপজেলা ইনোভেশন টিম পুনর্গঠন বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের মতামত গ্রহণ পূর্বক ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা হয়। | (ক) জেলা ইনোভেশন টিম পুনর্গঠনের বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(খ) উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে পত্র দিতে হবে। | জেলা ইনোভেশন টিম |
| ০৫ | **উদ্ভাবনী উদ্যোগ হালকরণ :** জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের কেউ কারো কারো বদলী হলে, অবসর গ্রহণ করলে বা অন্য কোন কারণে সংশ্লিষ্ট পদটি শূন্য হয় অথবা নতুন কোন কর্মকর্তা উক্ত পদে যোগদান করে। ফলে উদ্ভাবনী | ক) প্রতিমাসের ১ম সপ্তাহের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব স্ব উপজেলার উদ্ভাবনী উদ্যোগের তথ্য প্রেরণ করবেন।<br>খ) উদ্ভাবনী উদ্যোগের হালনাগাদ তথ্যের জন্য | জেলা ইনোভেশন অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | উদ্যোগের সংখ্যা নিরুপণ এবং এ সংক্রান্ত তথ্যাদির হালকরণে অসুবিধার সৃষ্টি হয়। এজন্য প্রতিমাসের ১ম সপ্তাহের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগের তথ্য প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | জেলা পর্যায়ের কর্মকর্তাগণ বরাবর পত্র প্রেরণ করতে হবে। | |
| ০৬ | **Best Practice :** সভায় লালমনিরহাট জেলায় ইনোভেশন আইডিয়ার Best Practice বিষয়ে আলোচনা হয়। সভাপতি জানান যে, এ জেলায় নতুন আইডিয়া হিসেবে "আমার টাকা আমার ঘরে, আর দেবনা পরের তরে" ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন করা। | "আমার টাকা আমার ঘরে, আর দেব না পরের তরে" শিরোনামে আশ্রয়ন প্রকল্প/গুচ্ছগ্রাম সমূহের মধ্য হতে নিজেদের মৌলিক চাহিদা পুরণের ব্যবস্থা করা হবে। জেলা শিক্ষা অফিসার শিক্ষক মনোনীত করে অতিরিক্ত সময়ে শিক্ষা প্রদানের ব্যবস্থা করবেন, জেলা মৎস্য অফিসার মৎস্য চাষের প্রশিক্ষণ প্রদান করবেন। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সেলাই, কম্পিউটারসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে প্রশিক্ষিত করে আশ্রয়ন ও গুচ্ছগ্রামে কাজের সংস্থান সৃষ্টি করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | জেলা ইনোভেশন টিম |
| ০৭ | **চলমান ইনোভেশন আইডিয়া পরিদর্শন :** কমিটির সকল সদস্য কর্তৃক জেলায় চলমান আইডিয়াসমূহ পরিদর্শন করার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ইনোভেশন টিমের সদস্যগণ স্ব-উদ্যোগে উপজেলা পর্যায়ের সফল আইডিয়াসমূহ পরিদর্শন অব্যাহত রাখবেন। | জেলা ইনোভেশন টিমের সকল সদস্য |
| ০৮ | **বিবিধ :**<br>গৃহীত ইনোভেশন আইডিয়াসমূহ যাতে দ্রুত বাস্তবায়িত হয় সে জন্য সংশ্লিষ্ট দপ্তরগুলোকে আন্তরিকতার সাথে কাজ করতে পরামর্শ প্রদান করা হয়।<br>এছাড়া নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :<br>(১) উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত করা। সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কার্যালয়ে প্রেরণ করা।<br>(২) জেলা তথ্য বাতায়নে ইনোভেশন বিষয়ক কার্যক্রমসমূহ হালনাগাদকরণ অব্যাহত রাখা।<br>(৩) ইনোভেশন বিষয়ে কর্মপরিকল্পনা, অগ্রগতি, নতুন উদ্যোগ গ্রহণ, সাফল্য, চ্যালেঞ্জ ইত্যাদি বিষয় অন্তর্ভূক্ত করে অর্থ বছর শেষে একটি প্রকাশনা বের করার জন্য ছবি, ভিডিও এবং ইনোভেশন বিষয়ক যাবতীয় ডকুমেন্ট সংগ্রহ করা। | (১)জেলা পর্যায়ের কর্মকর্তাগণ স্ব স্ব উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের ইনোভেশন আইডিয়ার বিষয়ে নিয়মিত খোঁজখবর রাখবেন এবং জেলা ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক স্ব-উদ্যোগে উপজেলা পর্যায়ের ইনোভেশন আইডিয়া পরিদর্শন করতে হবে।<br>(২) উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>(৩) ইনোভেশন বিষয়ে অর্থ বছর শেষে একটি প্রকাশনা বের করার জন্য ছবি, ভিডিও এবং ইনোভেশন বিষয়ক যাবতীয় ডকুমেন্ট সংগ্রহ করতে হবে। | জেলা পর্যায়ের সকল কর্মকর্তা/ ইউ.এন.ও (সকল)/ জেলা ইনোভেশন টিম। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/১২/২০২০

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ফোনঃ ০৫৯১-৬১৩০৫
ইমেইল- adcglalmonirhat@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০03.০9.০০১.19.26

তারিখঃ ২৮ অগ্রহায়ণ 1427
13 ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৫) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, লালমনিরহাট
৬) উপ পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জেলা সমাজসেবা কার্যালয়, লালমনিরহাট
৭) উপপরিচালক (রুটিন দায়িত্ব), উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লালমনিরহাট
৮) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, লালমনিরহাট
৯) জনাব,..................................... .......................................................লালমনিরহাট

১৩/১২/২০২০

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ফোনঃ ০৫৯১-৬১৩০৫
ইমেইল- adcglalmonirhat@mopa.gov.bd